জেলা সার ও বীজ মনিটরিং কমিটির বিশেষ সভার কার্যবিবরণী
জেলা ঃ রাজশাহী।

সভাপতি ঃ মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
জেলা প্রশাসক, রাজশাহী।
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী।
তারিখ ঃ ২৩/০৩/২০১৫ইং
সময় ঃ বেলা ১২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট "১ থেকে ৪" -তে দেয়া হলো।

আলোচনা - ১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীর উপর আলোচনা হয় এবং কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্ত সমূহ দৃঢ়করণ করা হয়।

আলোচনা -২ ঃ ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও মূল্য পরিস্থিতি

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে মার্চ/১৫ মাসে রাজশাহী জেলার অনুকূলে ৬১৮৬ মেঃটন ইউরিয়া, ১৩০৯ মেঃটন টিএসপি, ১২০১ মেঃটন এমওপি এবং ১০৪৯ মেঃটন ডিএপি সারের বরাদ্দ পাওয়া গেছে। অদ্য পর্যন্ত জেলায় বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের নিকট ইউরিয়া মজুদ ২৩৪০ মেঃটন, অনুত্তোলিত ইউরিয়া সারের পরিমান ২৬৬১ মেঃটন; টিএসপি সারের মজুদ ৯২৫ মেঃটন, অনুত্তোলিত টিএসপি সারের পরিমান ২৮১৪মেঃটন; এমওপি সারের মজুদ ৬৫৪ মেঃটন, অনুত্তোলিত এমওপি সারের পরিমান ৫৯১ মেঃটন এবং ডিএপি সারের মজুদ ১০২৫ মেঃটন ও অনুত্তোলিত ডিএপি সারের পরিমান ১৫৬৮ মেঃটন। জেলায় বরাদ্দ বহির্ভুত কোন সার মজুদ নাই। কৃষক পর্যায়ে ইউরিয়া সার সর্ব্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকা দরে সরকার নির্ধারিত মূল্যে বিক্রয় হচ্ছে। গত বছর অদ্যকার তারিখে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ১৬৮৪ মেঃটন, টিএসপি ৭৪০ মেঃটন, এমওপি ৮১২ মেঃটন এবং ডিএপি ৬৫৮ মেঃটন। মার্চ/১৫ মাসে জেলায় মোট ৮৯ জন বিসিআইসি সার ডিলারের মধ্যে ৭০ জন ইউরিয়া সারের প্রথম কিস্তির টাকা জমা প্রদান করেছেন। বিএডিসি'র বীজ ডিলার এসোসিয়েশনের সভাপতি কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিএডিসি'র বরাদ্দকৃত সার বিসিআইসি ডিলারগণের সমপরিমানে উপ-বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। নির্বিঘ্নে সার সরবরাহে জেলা ও উপজেলা পর্যায়ের কমিটির সদস্যবৃন্দ, পুলিশ, বিজিবি, ডিলারবৃন্দসহ সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করেন। বিভিন্ন বিষয়ে উন্মুক্ত আলোচনার মাধ্যমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১) ডিলারগণ বরাদ্দকৃত সকল প্রকার সারের টাকা সময়মত জমা এবং নিদ্দিষ্ট সময়ের মধ্যে উত্তোলন করবেন এবং ডিলার কর্তৃক সার উত্তোলনের সাথে সাথেই আগমনি বার্তা দাখিলের পর নিয়মানুযায়ী সার বিক্রয়ের অনুমতি গ্রহন করে সার বিক্রয় করবেন।

(২) সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ বাস্তবায়নের পর কোন উপজেলার ডিলারশীপ শুন্য না থাকায় নতুন কোন বিসিআইসি ডিলার নিয়োগ বা এক উপজেলার ডিলারশীপ অন্য উপজেলায় স্থানান্তরের কোন সুযোগ নাই এবং ভবিষ্যতে প্রয়োজন না থাকলে এধরনের ডিলারশীপ স্থানান্তরের আবেদন অত্র সভায় উপস্থাপন না করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জেলা প্রশসক, রাজশাহীর দপ্তর হতে বিসিআইসির কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনা -৩ ঃ বিএডিসি'র বীজ ডিলার হতে সার ডিলার হিসাবে নিবন্ধন

সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী জানান, বিএডিসি'র বীজ ডিলার হতে সার ডিলার নিবন্ধনের জন্য মোট ১১টি আবেদন পাওয়া গেছে। উল্লেখ্য যে, বর্তমানে রাজশাহী জেলায় মোট ১০৩ জন বিএডিসি'র নিবন্ধন সার ডিলার নিয়োজিত রয়েছে। এ বিষয়ে মতামত জানতে চাইলে যুগ্ম-পরিচালক(সার) বিএডিসি, রাজশাহী জানান জেলার এখনও মোট ৩০টি ইউনিয়নে কোন বিএডিসি'র নিবন্ধিত সার ডিলার নাই। উপজেলা কৃষি অফিসার, পবা, উপজেলা নির্বাহী অফিসার বাগমারা, উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী এবং সভাপতি বিএফএ, রাজশাহী সকলেই জানান সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ মোতাবেক প্রতিটি ইউনিয়নে ১জন করে সার ডিলার নিয়োগের বিষয়ে উল্লেখ রয়েছে। কিন্ত বিএডিসি'র নিবন্ধিত সার ডিলার নিয়োগের বিষয়ে এবং ইউনিয়নে/উপজেলায়/জেলায় মোট কতজন ডিলার নিয়োগ করা যাবে সে বিষয়ে কোন সুনদিষ্ট নির্দেশনা না থাকায় কৃষি মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণ করে এ বিষয়ে নির্দেশনা চাওয়া যেতে পারে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) রাজশাহী জেলার মোট ইউনিয়ন/পৌরসভার সংখ্যার চেয়ে বিএডিসি'র নিবন্ধিত সার ডিলারের সংখ্যা বেশি হওয়ায় বর্তমানে নতুন করে আর কোন বিএডিসি'র বীজ ডিলারকে সার ডিলার হিসাবে নিবন্ধনের সুপারিশ না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) বর্তমানে নিয়োজিত ডিলারগণের মধ্য হতে যে ইউনিয়ন/পৌরসভায় একাধিক বিএডিসি'র নিবন্ধিত সার ডিলার রয়েছে তাদের মধ্যহতে যে ইউনিয়নে কোন বিএডিসি'র নিবন্ধিত সার ডিলার নাই সে ইউনিয়নে এসাইন করার সিদ্ধান্ত গৃহিত হয়। ~~এ বিষয়ে সকল~~

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০০৯ অনুসরন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন পূর্বক জেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অবহিত করবেন।

আলোচনা-৪ ঃ বিএডিসি'র বীজ বিক্রয়

উপ-পরিচালক(বীবি), বিএডিসি, ২০১৪-১৫ মৌসুমের জন্য বিএডিসি হতে রাজশাহী জেলার বিপরীতে বারি হাইব্রিড এম-৭ জাতের ৪.০০ মেঃটন ভূট্টা, ১০.০০ মেঃটন মুগ বীজ, ১০.০০ মেঃটন দেশী পাট বীজ এবং ৩.০০ মেঃটন তিল বীজের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত বীজ সমুহের মধ্যে ৬.০০ মেঃটন পাট বীজ, ২.০০ মেঃটন মুগ বীজ এবং ০.৫০ মেঃটন তিল বীজ বিক্রি সম্পন্ন হয়েছে। সরকারর কর্তৃক নির্ধারিত মূল্য প্রতি কেজি মুগ বীজ মান ঘোষিত ৭৮.০০ টাকা এবং ভিত্তি বীজ ৮০.০০ টাকা, পাট বীজ ১৪৭.০০ টাকা এবং তিল বীজ ৬৩.০০ টাকা দরে বিক্রি হচ্ছে। অবাশষ্ট বীজ বিক্রয়ের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়

সিদ্ধান্ত ঃ বিএডিসি'র বীজ ডিলারগণকে সময়মত বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি ও সদস্য সচিব বরাবরে বীজের আগমনি বার্তা প্রদান করবেন ও সমুদয় বীজ বিক্রয়ের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-৫ ঃ বিবিধ

জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য সচিব রবি মৌসুমে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ সকলকে নির্বিঘ্নে সার সরবরাহ অব্যাহত রাখার বিষয়ে সহযোগিতা করায় অত্র সভার মাধ্যমে সকলকে ধন্যবাদ জানান। সেই সাথে রাজশাহীর বরেন্দ্র অঞ্চলে পানির স্তর নিচে নেমে যাওয়ায় এখনকার কৃষকদের তুলনামুলক পানি বেশি লাগে এমন ফসলের পরিবর্তে পানি কম লাগে এমন ফসল যেমন তুলা আবাদে সকলকে উৎসাহিত করার জন্য সভায় উপস্থিত সকলকে আহবান জানান। সভার সভাপতি তুলনামূলক কম পানি ব্যবহার করে তুলা ফসল আবাদের তথ্য সংক্রান্ত Presentstion উপস্থাপনের জন্য জেলার প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাকে আগামী সভায় আমন্ত্রনের অনুরোধ জানান।

উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

২০/৩/১৫

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)